



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
জেলা সমবায় অফিস, নোয়াখালী।
coop.noakhali.gov.bd



নম্বর: ৪৭.৬১.৭৫০০.০০০.৩২.০১৯.১৮.৩৩২

তারিখ: ৭ ফাল্গুন ১৪২৮

২০ ফেব্রুয়ারি ২০২২

অফিস আদেশ

এ কার্যালয়ের আদেশ নং-৪০৮, তারিখ : ৩০-০৬-২০২১খ্রি. আংশিক সংশোধন পূর্বক জনাব সুমন কুমার নন্দী, সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় কার্যালয়, কবিরহাট, নোয়াখালী এর নামে নিম্নবর্ণিত প্রাথমিক সমবায় সমিতির ২০২০-২০২১ সনের নিরীক্ষা সম্পাদনের নিমিত্ত নিম্নোক্ত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে পুন: বরাদ্দ প্রদান করা হলো।

নং	সমবায় সমিতির নাম	নিবন্ধন নং	তারিখ	উপজেলার নাম	মন্তব্য
০১.	দি নিউ চাপরাশিরহাট ব্যবসায়ী সমবায় সমিতি লিঃ	১৩৫(নোয়া)	১৯-১১-২০০৭খ্রি.	কবিরহাট	সক্রিয়
০২.	নবগ্রাম আশ্রয়ণ বহুমুখী সমবায় সমিতি লিঃ	০১/২০	১২-০২-২০২০খ্রি.		
০৩.	মধ্য সুন্দলপুর আল আমিন বহুমুখী সমবায় সমিতি লিঃ	৭০/০৬(নোয়া)	১৪-০৯-২০০৬খ্রি.		
০৪.	জননী শ্রমজীবী সমবায় সমিতি লিঃ	২০/১৯(নোয়া)	০৩-১০-২০১৯খ্রি.		


০১. সমবায় সমিতি আইন/২০০১ (সংশোধিত/২০০২ ও ২০১৩), সমবায় সমিতি বিধিমালা/২০০৪ (সংশোধিত/২০২০), অডিট ম্যানুয়াল, পরিপত্র ও দপ্তর আদেশ অনুসারে নিরীক্ষা কার্যক্রম সম্পাদন নিশ্চিত করতে হবে। নিরীক্ষা সংক্রান্ত বিষয়ে অধিদপ্তরের সার্কুলার নং-১৮০, তারিখ : ২৬-০৪-২০০১খ্রি. এবং আদেশ নং-০১/২০০৩-৫৯১, তারিখ : ২৮-১২-২০০৪খ্রি. সহ সর্বশেষ সার্কুলার অনুসরণ করে নিরীক্ষা কার্য সম্পাদন করতে হবে।

০২. নিরীক্ষা কর্মকর্তা কর্তৃক সমবায় সমিতি আইন/২০০১ (সংশোধিত/২০০২ ও ২০১৩) এর ৩৪ ধারা অনুযায়ী সমিতির স্ট্র নীট লাভ হতে উক্ত ধারায় উল্লেখিত তহবিলসমূহ সৃষ্টি করে হিসাব বিবরণীতে অন্তর্ভুক্ত করতে হবে।

০৩. নিরীক্ষা কর্মকর্তা সমিতিতে রক্ষিত হিসাবসমূহ/রেকর্ডপত্র পুঞ্জানুপুঞ্জভাবে পরীক্ষার মাধ্যমে সকল বিধি বহির্ভূত বিষয়, হিসাবের কারচুপি, জালিয়াতি ও আত্মসাতের মত ঘটনাবলী উদ্ঘাটন নিশ্চিত করবেন (যদি থাকে) এবং এ ধরনের কোন ঘটনা উদ্ঘাটিত হলেই তাৎক্ষণিকভাবে জেলা সমবায় অফিসার, নোয়াখালী বরাবর বিশেষ প্রতিবেদন দাখিল করবেন। সমিতির ব্যবস্থাপনায় ভুল-ত্রুটি দূর করত: কিভাবে সমিতির উন্নয়ন সম্ভব হয় সে বিষয়ে নিরীক্ষা প্রতিবেদনে সুনির্দিষ্ট অভিমত রাখবেন।

০৪. নিরীক্ষা ম্যানুয়াল এর আলোকে লক্ষ্যমাত্রা অনুযায়ী বরাদ্দকৃত সমিতির নিরীক্ষা সম্পাদন করে সমিতির কর্তৃপক্ষ, সংশ্লিষ্ট ইউসিও এবং এ দপ্তরে ০১ প্রস্থ নিরীক্ষা প্রতিবেদন নিরীক্ষা সমাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে দাখিল নিশ্চিত করতে হবে। এছাড়া সকল সমবায় সমিতির নিরীক্ষা সমবায় সমিতি বিধিমালা/২০০৪ (সংশোধিত/২০২০) এর বিধি ৯৮ অনুযায়ী সমবায় বর্ষ সমাপ্তির ০৯ (নয়) মাসের (৩১-০৩-২০২২খ্রি. তারিখের) মধ্যে সম্পন্ন নিশ্চিত করতে হবে।

০৫. মাসিক রিটার্ণের সাথে নিরীক্ষা কর্মকর্তাগণ কর্তৃক প্রতি মাসে ব্যক্তিগত নিরীক্ষা রিটার্ণ আবশ্যিকভাবে দাখিল নিশ্চিত করতে হবে।
০৬. নিরীক্ষা প্রতিবেদনে কোন প্রকার মিথ্যা ও ভূয়া তথ্য সন্নিবেশন করলে তার জন্য সংশ্লিষ্ট নিরীক্ষা কর্মকর্তা ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।



২২-২-২০২২

মোঃ ইমরান হোসেন
জেলা সমবায় কর্মকর্তা

ফোন: ০৩২১-৬১৪৪২

ইমেইল:


dco.noakhali@yahoo.com

নম্বর: ৪৭.৬১.৭৫০০.০০০.৩২.০১৯.১৮.৩৩২/১

তারিখ: ৭ ফাল্গুন ১৪২৮
২০ ফেব্রুয়ারি ২০২২

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১) জনাব সুমন কুমার নন্দী, সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় কার্যালয়, কবিরহাট, নোয়াখালী।
- ২) উপজেলা সমবায় অফিসার, কবিরহাট, নোয়াখালী।
- ৩) অফিস নথি।



২২-২-২০২২

মোঃ ইমরান হোসেন
জেলা সমবায় কর্মকর্তা